

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৬৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَي السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

### আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَا بَيْنَ خَلْقِ آدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ أَمْرٌ أكبر من الدَّجَّال» . رَوَاهُ مُسلم

رواه مسلم (127 ، 126 / 2946)، (7395 و 7396) ـ (مَحَدِيح)

#### বাংলা

৫৪৬৯-[৬] 'ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, আদম (আঃ)-এর সৃষ্টি থেকে কিয়ামত প্রতিষ্ঠিত হওয়া পর্যন্ত দাজ্জালের ফিতনাহ্ অপেক্ষা কোন ফিতনাহ বৃহত্তর নয়। (মুসলিম)

# ফুটনোট

সহীহ: মুসলিম ১২৬-(২৯৪৯), সহীহুল জামি ৫৫৮৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭৪৭১, মুসনাদে আহমাদ ১৫৫৫, ১৬২৯৮, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৯০২, আল মুসতাদরাক লিল হাকিম ৮৬১০।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا بَيْنَ خَلْقِ آَدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ أَمْرٌ أَكبر من الدَّجَّال) আদম (আঃ) সৃষ্টির পর থেকে কিয়ামত সংঘটিত হওয়া পর্যন্ত দাজ্জালের ফিতনার চেয়ে বড় আর কোন ফিতনাহ্ এবং বড় কষ্টদায়ক কোন কিছু নেই। (মিরকাতুল মাফাতীহ)।



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন